

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

মার্কেট ইন্টেলিজেন্স ও ইনভেস্টিগেশন ডিভিশন

মার্কেট ইন্টেলিজেন্স ডিপার্টমেন্ট

[www.sec.gov.bd](http://www.sec.gov.bd)

বিএসইসি/এমআইআইডি/২০২৩-৩৬/২৭

তারিখ: ১০ মার্চ ২০২৬

বিষয়: সতর্কীকরণ বার্তাটি ওয়েবসাইটে প্রচার ও সাধারণ বিনিয়োগকারীগণকে সতর্কীকরণ প্রসঙ্গে।

সূত্র:

ক। বিএসইসি/এমআইআইডি/২০২৩-৩৬/০৪, তারিখ: ০৯ সেপ্টেম্বর ২০২৫।


খ। বিএসইসি/এমআইআইডি/২০২৩-৩৬/০৫, তারিখ: ০৯ সেপ্টেম্বর ২০২৫।

গ। বিএসইসি/এমআইআইডি/২০২৩-৩৬/০৬, তারিখ: ০৯ সেপ্টেম্বর ২০২৫।

অনলাইনে বিভিন্ন মাধ্যমে বিভিন্ন সিকিউরিটিজের ভবিষ্যত মূল্য সম্পর্কে বিভ্রান্তিকর তথ্য ছড়িয়ে বিনিয়োগকারীদের সাথে প্রতারণার চেষ্টা করা হচ্ছে। প্রতারণাক্রম বিভিন্ন রকম চটকদার লাভের সম্ভাবনার কথা বলে সাধারণ বিনিয়োগকারীদের বিভ্রান্ত করছে। এমতাবস্থায়, সাধারণ বিনিয়োগকারীগণকে সচেতনতা মূলক বার্তা প্রদান করা আবশ্যিক বলে প্রতীয়মান হয়।

উপর্যুক্ত বিষয়ে নিয়মিত সতর্কীকরণ বার্তা প্রদানের অংশ হিসেবে একটি সতর্কীকরণ বার্তা আপনার দপ্তরের ওয়েবসাইটে জন্য এতদসঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো। একই সাথে সকল ট্রেকহোল্ডারের প্রধান শাখাসহ সকল শাখার নোটিশবোর্ডে সতর্কবার্তাটি প্রদর্শন এবং সকল গ্রাহককে পোর্টফোলিও স্টেটমেন্ট প্রদানের সময় উক্ত সতর্কবার্তাটি প্রেরণের জন্য নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো। এছাড়াও নিয়মিত নজরদারি কার্যক্রমে এধরনের প্রতারণা সংক্রান্ত তথ্য পাওয়া গেলে সত্যতা যাচাই পূর্বক দ্রুততম সময়ের মধ্যে সকল বিনিয়োগকারীগণকে সতর্ক করার জন্য অনুরোধ করা হলো।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন পক্ষে

  
10.03.2026

মু. আব্দুল আউয়াল

সহকারী পরিচালক

মার্কেট ইন্টেলিজেন্স ডিপার্টমেন্ট, বিএসইসি।

ই-মেইল: [awal@sec.gov.bd](mailto:awal@sec.gov.bd)

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১) চীফ রেগুলেটরি অফিসার (সিআরও), ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি;
- ২) চীফ রেগুলেটরি অফিসার (সিআরও), চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি;
- ৩) ব্যবস্থাপনা পরিচালক, সেন্ট্রাল ডিপোজিটরি বাংলাদেশ লিমিটেড (সিডিবিএল);
- ৪) ব্যবস্থাপনা পরিচালক, সেন্ট্রাল কাইন্টারপার্ট বাংলাদেশ লিমিটেড (সিসিবিএল);
- ৫) নির্বাহী প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম);
- ৬) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ একাডেমী ফর সিকিউরিটিজ মার্কেটস (বিএএসএম); ও
- ৭) প্রেসিডেন্ট, ডিএসই ব্রোকার্স অ্যাসোসিয়েশন অফ বাংলাদেশ (ডিবিএ)।

সদয় অবগতির জন্য অনুলিপি:

- ১) পিএস টু চেয়ারম্যান, বিএসইসি; ও
- ২) সকল পিও টু কমিশনার, বিএসইসি।

\*সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন  
মার্কেট ইন্টেলিজেন্স ও ইনভেস্টিগেশন ডিভিশন  
মার্কেট ইন্টেলিজেন্স ডিপার্টমেন্ট  
[www.sec.gov.bd](http://www.sec.gov.bd)

অনলাইনে প্রচারিত বিভিন্ন প্রতারণামূলক কার্যক্রম হতে সতর্কীকরণে বিনিয়োগকারীদের জন্য সতর্কবার্তা:

সতর্কবার্তা

১। বিভিন্ন অনলাইন মাধ্যমে কিছু প্রতারণাকর্তৃক পুঁজিবাজারে বিনিয়োগের নামে লোভনীয় প্রস্তাব দিয়ে বিনিয়োগকারীদের সাথে প্রতারণার চেষ্টা করছে। সাম্প্রতিক সময়ে অনলাইনে পরিচালিত বিভিন্ন অনির্ভুক্ত বা লাইসেন্সবিহীন ভূয়া সিকিউরিটিজ/বিনিয়োগ কোম্পানি বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) কর্তৃক অনুমোদিত এরূপ প্রচারণার মাধ্যমে প্রতারণা করছে। Prosperia Securities Group Ltd (ওয়েবসাইট: <https://prosperiasecurities.com>) নামক একটি অনির্ভুক্ত কোম্পানি কর্তৃক অনলাইনে প্রতারণামূলক কার্যক্রম পরিচালনার তথ্য পাওয়া গেছে। এধরনের অনির্ভুক্ত সকল নাম সর্বস্ব প্রতিষ্ঠানে বা কোনো অনলাইন প্র্যাটফর্ম, মোবাইল অ্যাপ, WhatsApp গ্রুপ বা সামাজিক যোগাযোগ মাধ্যমে বিনিয়োগের প্রস্তাব পেলে বিনিয়োগের পূর্বে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশন, লাইসেন্স ও অনুমোদন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর ওয়েবসাইট (<https://sec.gov.bd/home>>> Registered Entities) অথবা ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি (ডিএসই) অথবা চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি (সিএসই) এর ওয়েবসাইটে যথাযথভাবে যাচাই করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

২। বিভিন্ন অনলাইন প্ল্যাটফর্মে এধরনের প্রতারণকর্তৃক বিষয়ে বা পুঁজিবাজার সংক্রান্ত যে কোন অনিয়মের বিষয়ে তথ্য পেলে মার্কেট ইন্টেলিজেন্স ডিপার্টমেন্টের ই-মেইলে ([intel@sec.gov.bd](mailto:intel@sec.gov.bd)) প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

